(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
সংস্থাপন শাখা
www.dhakadiv.gov.bd

নম্বর ০৫.৪১.৩০০০.০১৪.১১.০০৪.২১.২২

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯
১৪ ফেব্রুয়ারি ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ আগস্ট ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৬.১৬-১০৬ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা এর নিম্নে বর্ণিত শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত ঢাকা বিভাগের স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে পদের পাশে উল্লিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

শূন্য পদের বিবরণ

ক্র:নং	পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল-২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবদেন করতে পারবেন
১	২	৩	৪	৫	৬
১	কম্পিউটার অপারেটর গ্রেড-১৩ ১১০০০-২৬৫৯০/-	অর্নূধ্ব ৩০ বছর	১	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে।	ঢাকা
২	হিসাব রক্ষক গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/-	অনূর্ধ্ব ৩০ বছর	২	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি হতে হবে।	ঢাকা, টাঙ্গাইল
৩	ডাটাএন্ট্রি/কন্ট্রোল অপারেটর গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	অনূর্ধ্ব ৩০ বছর	৪	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	ঢাকা, টাঙ্গাইল, গাজীপুর, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ
৪	রেকর্ড কীপার গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	অনূর্ধ্ব ৩০ বছর	২	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি হতে হবে।	ঢাকা, টাঙ্গাইল

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে :

১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯.১২.২০১৪ খ্রিঃ তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ নং স্মারকে

প্রণীত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম www.mopa.gov.bd ও www.dhakadiv.gov.bd ও য়েবসাইটে পাওয়া যাবে।

২। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রর্দশন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কোনো আবেদন গ্রহণ করা হবে না। তাছাড়া চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৩। আবেদনপত্র আগামী ২০ মার্চ ২০২৩ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এ ঠিকানায় ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোনো আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন ও অসর্ম্পূণ বা ত্রুটিযুক্ত আবেদন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

৪। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং ঢাকা বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৫। আবেদনের সাথে আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি (৫×৫) সে.মি. রঙ্গিন ছবি,সকল শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সংশ্লিষ্ট সার্টিফিকেট/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান অথবা পৌর কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলরের নিকট হতে জাতীয়তা সম্পর্কিত সনদপত্র (সত্যায়িত) এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে সত্যায়নকারীর নাম, পদবী ও দপ্তর উল্লিখিত সীল থাকতে হবে।

৬। ২০ মার্চ ২০২৩ তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা /শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা। উল্লেখ্য যে, **জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক অনুযায়ী যেসকল প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে ছিল সেসকল প্রার্থীগণ আবেদন করতে পারবেন।**

৭। বীর মুক্তিযোদ্ধা/ বীর শহীদ মুক্তিযোদ্ধাদের কোটায় আবেদনকারীর ক্ষেত্রে প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯ জুন ২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত ছক পূরণ করে এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ	মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ	মন্তব্য
		(নাতি/নাতনীর ক্ষেত্রে ছেলে/ মেয়ে পক্ষ উল্লেখসহ	১। লাল মুক্তিবার্তা নম্বর ২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর ৩। গেজেট নম্বর ও তারিখ ৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ ৫। বামুস সনদের নম্বর ও তারিখ (ক্রমিক ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণক দাখিল করতে হবে।	১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ ২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ ৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ ৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি করপোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ।	

৮। প্রার্থীকে আবেদনের সাথে পরীক্ষার ফি বাবদ ১-০৭৪১-০০০০-২০৩১ নম্বর কোডে অফেরতযোগ্য ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের ট্রেজারি চালান বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের যে কোনো শাখায় জমা দিয়ে চালানের মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ, ব্যাংক ও শাখার নাম উল্লেখ করতে হবে।

৯। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/ মাতামহের বীর মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে, সে ক্ষেত্রে প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি র্কপোরেশনের ওর্য়াড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১০। খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে), নিজ জেলা এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও

ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১১। প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নির্ভুল নাম ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট সহ ১০" X ৪.৫"সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন শর্ত সংযোজন, বিয়োজন, সংশোধন ও পরিবর্তন করতে পারবেন।

১৪। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

১৫। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণের পর কেবল উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রর্দশন করতে হবে।

১৬। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

১৭। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন সন্তোষজনক হতে হবে।

১৮। কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরিক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোনো মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরূদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯। আবেদন ফরমের স্বাক্ষরের স্থানে আবেদনকারীকে স্বাক্ষর প্রদান করতে হবে।



২২-২-২০২৩
মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার, ঢাকা

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩) সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, ঢাকা

৪) উপ-মহাপুলিশ পরিদর্শক, ঢাকা অঞ্চল, ঢাকা

৫) জেলা প্রশাসক, ঢাকা/টাঙ্গাইল/ গাজীপুর/নারায়ণগঞ্জ/কিশোরগঞ্জ

৬) পুলিশ সুপার, ঢাকা/টাঙ্গাইল/ গাজীপুর/নারায়ণগঞ্জ/কিশোরগঞ্জ

৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা/টাঙ্গাইল/ গাজীপুর/নারায়ণগঞ্জ/কিশোরগঞ্জ

৮) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা

৯) উপজেলা নির্বাহী অফিসার ঢাকা/টাঙ্গাইল/ গাজীপুর/নারায়ণগঞ্জ/কিশোরগঞ্জ

১০) সহকারী কমিশনার (ভূমি) ঢাকা/টাঙ্গাইল/ গাজীপুর/নারায়ণগঞ্জ/কিশোরগঞ্জ

১১) সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা (ওয়েব সাইট/নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

১২) সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক (তাঁকে উল্লিখিত বিজ্ঞাপনটি আগামী ০২ (দুই) দিনের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় ০১ (এক) দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হল এবং প্রচারিত সংখ্যার ০৩ (তিন) কপি এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হল)

১৩) সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক বাংলাদেশ প্রতিদিন (তাঁকে উল্লিখিত বিজ্ঞাপনটি আগামী ০২ (দুই) দিনের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় ০১ (এক) দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হল এবং প্রচারিত সংখ্যার ০৩ (তিন) কপি এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হল)